গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তার কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম

নং- ডিইও/৩৯৫-সি/চট্টগ্রাম নতুন স্টেশন/কার পার্কিং/২০১৬ – ৩৬৩ তারিখঃ ০৫/১১/২০২৬ খ্রি.

বিষয় ঃ সংশোধনী বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এস্টেট বিভাগের আওতাধীন চট্টগ্রাম নতুন স্টেশন বিল্ডিংয়ের উত্তর ও পূর্ব পার্শ্বে অবস্থিত প্রাইভেট কার, মাইক্রোবাস, সিএনজি, টেক্সিক্যাব ও মোটর সাইকেল পার্কিং এর লাইসেন্সের মাশুল আদায়ের নিমিত্ত ১৪ই সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখে জারীকৃত বিদ্যমান নীতিমালার ৩৪ অনুচ্ছেদ অনুযায়ী ০১ (এক) বৎসর মেয়াদে অস্থায়ী কার পার্কিং হিসেবে লাইসেন্স প্রদানের নিমিত্ত লাইসেন্স গ্রহণে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে অত্র দপ্তর কর্তৃক জারীকৃত ডিইও/৩৯৫-সি/চট্টগ্রাম নতুন স্টেশন/কার পার্কিং/২০১৬/৩২২, তারিখঃ ২৮/১০/২০২৬খ্রি. স্মারকমূলে বহুল প্রচারিত জাতীয় ও স্থানীয় দৈনিক পত্রিকায় গত ৩০/১২/২০২৬খ্রি. তারিখে জরুরী দরপত্র বিজ্ঞপ্তি প্রচারিত হয়েছিল। উক্ত বিজ্ঞপ্তির বিপরীতে সংশোধনী প্রচারের নিমিত্ত একখানা সংশোধনী বিজ্ঞপ্তি এতদসংগে সংযুক্ত পূর্বক প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তিটি জাতীয় ০২ (দুই) টি দৈনিক (১টি বাংলা ও ১টি ইংরেজী) পত্রিকায় এবং স্থানীয় ০২ (দুই) টি দৈনিক বাংলা পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক পত্রিকার কপিসহ এ দপ্তরকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

পত্রিকায় প্রচারের ব্যয় ডিইও(চট্টগ্রাম) এর অর্থনৈতিক কোড নং (৩২১১১২৫) হতে নির্বাহ করা হবে।

সংযুক্তি: বর্ণনামতে ১০ (দশ) টি সংশোধিত বিজ্ঞপ্তি।

০৫/১১/২৬

(মোঃ খোরশেদ আলম চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ও
বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম
মোবাঃ ০১৭১১-৬৯২৮২৯

উপ-পরিচালক (জন সংযোগ) (পূর্ব)
বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম

নং- ডিইও/৩৯৫-সি/চট্টগ্রাম নতুন স্টেশনকার পার্কিং/২০১৬ তারিখঃ ০৫/১১/২০২৬ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম
২. প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম
৩. বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও ঢাকা
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তার কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম

নং- ডিইও/৩৯৫-সি/চট্টগ্রাম নতুন স্টেশন/কার পার্কিং/২০১৬ - ৩৬৩ তারিখ: ০৫/১১/২০২৬ খ্রি.

সংশোধনী বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ রেলওয়ে এস্টেট বিভাগের আওতাধীন চট্টগ্রাম নতুন ষ্টেশনস্থ কার পার্কিং ০২টি ০১(এক) বছর মেয়াদে অস্থায়ী লাইসেন্স প্রদানের নিমিত্ত গত ২৮/১০/২০২৬খ্রি. তারিখে ডিইও/৩৯৫-সি/চট্টগ্রাম নতুন স্টেশন/কার পার্কিং/২০১৬/৩২২ নং স্মারকমূলে জারীকৃত "জরুরী দরপত্র বিজ্ঞপ্তি" এর আংশিক সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন পূর্বক নিম্নোক্ত অনুচ্ছেদ যুক্ত করা হলো:

"উক্ত পার্কিং ০২টির বিপরীতে ইতোপূর্বে গত ১৩/০৮/২০২৬খ্রি. তারিখে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জারীকৃত দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে যেসকল দরপত্র দাতাগণ দরপত্র সিডিউল ক্রয়ের লক্ষ্যে 'এ-চালান' এর মাধ্যমে অফেরতযোগ্য ১০০০/- (এক হাজার) টাকা জমা প্রদান করেছিলেন উক্ত 'এ-চালান' এর মাধ্যমে এই দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে আগ্রহী দরপত্র দাতাগণ দরপত্র সিডিউল ক্রয়/সংগ্রহ করতে পারবেন।"

বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তীত থাকবে।

০৫/১১/২৬

(মো: খোরশেদ আলম চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ও
বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম